

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৩৫/২০২২-২০২৩
ময়মনসিংহ, ১১ মে, বৃহস্পতিবার ২০২৩, ২৮ বৈশাখ ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানগুলো আর জরাজীর্ণ নেই: স্বাস্থ্যমন্ত্রী
- ০২। ময়মনসিংহ রেঞ্জ শ্রেষ্ঠত্বের পুরস্কার পেলো কোতোয়ালি মডেল থানা
- ০৩। মসিক এলাকায় বসবাসরত শিশু-কিশোরদের ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন
- ০৪। বোরো সংগ্রহে ৫০ কেজির বস্তা ব্যবহারের নির্দেশ
- ০৫। ৩২ ঘণ্টা পর যমুনা সার কারখানায় উৎপাদন শুরু

০১। স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানগুলো আর জরাজীর্ণ নেই: স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য মন্ত্রণালয়ের বিভিন্ন স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানগুলো এখন আর আগের মতো জরাজীর্ণ অবস্থায় নেই বলে মন্তব্য করেছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক। বুধবার (১০ মে) দুপুরে রাজধানীর মিরপুর-১৪ নম্বরে ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতালে জরুরি বিভাগ, আইসিইউ এবং বঙ্গবন্ধু ম্যুরাল উদ্বোধন অনুষ্ঠানের আলোচনা সভায় তিনি এ কথা বলেন। এসময় দেশের স্বাস্থ্যখাতকে চেলে সাজানোর কাজ শুরু হয়েছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও আজকের বাংলাদেশ।

০২। ময়মনসিংহ রেঞ্জের শ্রেষ্ঠত্বের পুরস্কার পেলো কোতোয়ালি মডেল থানা

ময়মনসিংহ রেঞ্জের শ্রেষ্ঠত্ব অর্জন করেছে কোতোয়ালি মডেল থানা। বুধবার (১০ মে) ময়মনসিংহ রেঞ্জ পুলিশের মাসিক (মার্চ/২৩) অপরাধ বিষয়ক এক সভায় কোতোয়ালি মডেল থানা এই শ্রেষ্ঠত্বের স্বীকৃতি লাভ করে। ময়মনসিংহ রেঞ্জের ডিআইজি দেবদাস ভট্টাচার্য এর হাত থেকে মার্চ-২০২৩ মাসের শ্রেষ্ঠ থানার ক্রেস্ট গ্রহণ করেন কোতোয়ালি মডেল থানার অফিসার ইনচার্জ- শাহ কামাল আকন্দ। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক স্বজন।

০৩। মসিক এলাকায় বসবাসরত শিশু-কিশোরদের ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং ইউনিসেফ বাংলাদেশ এর যৌথ আয়োজনে ময়মনসিংহ সিটি কর্পোরেশন (মসিক) এলাকায় বসবাসরত শিশু কিশোরদের অংশগ্রহণে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১০ মে) নগরীর রফিক উদ্দিন ভূঁইয়া স্টেডিয়াম মাঠে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ময়মনসিংহ জেলা আওয়ামী লীগের সভাপতি মো. এহতেশামুল আলম। বেলুন উড়িয়ে প্রতিযোগিতার উদ্বোধন করেন ময়মনসিংহ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. ইউসুফ আলী। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক বিশ্বের মুখপত্র, দৈনিক দিনের পালা, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, আজকের বাংলাদেশ, দৈনিক আলোকিত ময়মনসিংহ ও দৈনিক দেশের খবর।

০৪। বোরো সংগ্রহে ৫০ কেজির বস্তা ব্যবহারের নির্দেশ

চলমান বোরো সংগ্রহ মৌসুমে চাল সংগ্রহের জন্য ৫০ কেজির বস্তা ব্যবহার করার নির্দেশনা দিয়েছে খাদ্য অধিদপ্তর। সম্প্রতি এ নির্দেশনা দিয়ে দেশের ৮ বিভাগের আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রককে চিঠি পাঠানো হয়েছে। এর আগে ০৭ মে বোরো সংগ্রহ অভিযান-২০২৩ এর উদ্বোধন করেছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। চলতি মৌসুমে অভ্যন্তরীণ বাজার থেকে ১৬ লাখ ৫০ হাজার টন ধান ও চাল কিনবে সরকার। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, আজকের বাংলাদেশ ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

০৫। ৩২ ঘণ্টা পর যমুনা সার কারখানায় উৎপাদন শুরু

অ্যামোনিয়া প্লান্টে যান্ত্রিক ত্রুটি সারিয়ে ৩২ ঘণ্টা পর উৎপাদন শুরু করেছে জামালপুরে অবস্থিত দেশের বৃহত্তম ইউরিয়া উৎপাদনকারী প্রতিষ্ঠান যমুনা সার কারখানা। সার কারখানার ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ শহিদুল্লাহ খান জানান, সোমবার (০৮ মে) সন্ধ্যায় হঠাৎ করে যমুনা সার কারখানার অ্যামোনিয়া প্লান্টে যান্ত্রিক ত্রুটি দেখা দেয়। যান্ত্রিক ত্রুটি মেরামত শেষে মঙ্গলবার (০৯ মে) ভোর রাত পৌনে ৩টা থেকে ফের সার উৎপাদন শুরু করা হয়েছে। সূত্র: দৈনিক সবুজ, দৈনিক বিশ্বের মুখপত্র ও দৈনিক দেশের খবর।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস, দৈনিক আলোকিত ময়মনসিংহ ও দৈনিক বিশ্বের মুখপত্র:** সামাজিক মূলধন বলতে নেটওয়ার্ক, নিয়ম এবং বিশ্বাসকে বোঝায়। যা ব্যক্তি এবং গোষ্ঠীকে সাধারণ লক্ষ্য অর্জনের জন্য কার্যকরভাবে এক সাথে কাজ করতে সক্ষম করে। সামাজিক মূলধন যে সমাজে ইতিবাচক ভূমিকায় থাকে সে সমাজের এগিয়ে চলার গতি সবচেয়ে বেশি এবং তা অনেক বেশি টেকসই হয়।
- (খ) **দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক ময়মনসিংহের কাগজ:** দেশে বোরো ধানের আশানুরূপ ফলন হয়েছে। এতে কৃষক যেমন লাভবান হবেন, তেমনি উপকৃত হবেন ভোক্তারাও। তবে আগামী দিনে কৃষকদের উৎপাদন খরচ আরও বৃদ্ধির আশঙ্কা রয়েছে। এটি বিবেচনায় রেখে কৃষি খাতে প্রয়োজনীয় ভর্তুকি দেওয়ার পদক্ষেপ নিতে হবে। তা না হলে দেশের খাদ্য নিরাপত্তা বিঘ্নিত হওয়ার আশঙ্কা রয়েছে।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। বিশ্ব পরিযায়ী পাখি দিবসের তাৎপর্য- প্রকাশ ঘোষ বিধান (দৈনিক সবুজ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক স্বজন)
- ০২। একজন সমরেশ মজুমদার এবং একটি কিংকর্তব্যবিমূঢ় রচনা- উম্মে ফারহানা (দৈনিক আজকের বাংলাদেশ ও দৈনিক ময়মনসিংহের কাগজ)
- ০৩। ভূমিকম্প দুয়ারে- মীর আব্দুল আলীম (দৈনিক আলোকিত ময়মনসিংহ, দৈনিক বিশ্বের মুখপত্র, দৈনিক দিনের পালা, দৈনিক সকালের দুনিয়া ও দৈনিক নিউ টাইমস)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।